

ঢাবির ১০৯ শিক্ষার্থীকে বহিষ্কারের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক

২৫ জানুয়ারি ২০২৩ ০৯:০৩

2
Shares

পিএম | আপডেট: ২৬

জানুয়ারি ২০২৩ ০৮:৪৩

এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) লোগো

advertisement

বিভিন্ন অপরাধের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও এর অধিভুক্ত কলেজ ও ইনসিটিউটের ১০৯ শিক্ষার্থীকে বহিষ্কারের সুপারিশ করা হয়েছে। এর মধ্যে একজনকে স্থায়ী ও ১০৮ জনকে বিভিন্ন মেয়াদে বহিষ্কারের সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারি বোর্ড। আজ বৃত্তিক্ষেত্রে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। যার চূড়ান্ত অনুমোদন হবে বিশ্ববিদ্যালয়ের আসন্ন সিন্ডিকেট সভায়।

সভা সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের নাজমুল আলম ওরফে জিম নাজমুলকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে। গত ৩১ অক্টোবর মধ্যরাতে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে লাঞ্ছিত করার অভিযোগে তাকে সাময়িক বহিষ্কার করা হয়েছিল। পরে নারী লাঙ্গনাসহ অন্য অপরাধে ঘৃন্ত থাকার প্রমাণ পেয়ে তাকে স্থায়ী বহিষ্কার করার সুপারিশ করা হয়।

advertisement

এছাড়া অ্যালকোহল পান করায় বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (আইবিএ) তিনি শিক্ষার্থীকে বহিষ্কারের সুপারিশ করা হয়। ইনসিটিউটের গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে এ সুপারিশ করা হয়েছে। আর বাকি শিক্ষার্থীদের বিরুদ্ধে পরীক্ষায় নকল করা সংক্রান্ত কারণে শাস্তি দেওয়া হয়।

advertisement 4

তাবির প্রফেসর অধ্যাপক ড. এ কে এম গোলাম রবানী বলেন, ‘প্রত্যেকের বিরুদ্ধে তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে এ ব্যবস্থা নেওয়া হয়েছে।’

2
Shares